



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০২৬/১৫৭৩

তারিখ: ১লা জুন, ২০২৬ খ্রি.

২০২৬ সালের এসএসসি পরীক্ষার ধারাবাহিক মূল্যায়ন এবং ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর প্রেরণ সম্পর্কিত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ২১শে এপ্রিল থেকে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর নির্দেশনা মোতাবেক শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয় দু'টি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক. নিয়মিত (২০২৬ সালের সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থীদের উল্লিখিত বিষয়সমূহের (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০।

খ. অনিয়মিত (২০২৫ সালের সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থীদের উল্লিখিত বিষয়সমূহের (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ১০০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০।

গ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক মোট ২৫ নম্বরসহ পরীক্ষার্থীর নাম, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী নম্বরফর্দ প্রস্তুত করে আগামী ১৪/০৬/২০২৬ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে উল্লিখিত বিষয়সমূহের প্রাপ্ত নম্বর অনলাইনে এন্ট্রি নিশ্চিত করবেন।

ইতোমধ্যে যেসকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে বিষয় সংশোধন করা হয়েছে কিন্তু ব্যবহারিক নম্বর প্রদানের সময় অনলাইন এন্ট্রিতে তাদের রোল নম্বর পাওয়া না গেলে ম্যানুয়াল নম্বর প্রদান করবেন। ম্যানুয়াল নম্বরের এক কপি নম্বরফর্দ গালাসীলকৃত প্যাকেটে ১৬/০৬/২০২৬ তারিখের মধ্যে বরিশাল শিক্ষাবোর্ডের ২২০ নং কক্ষে হাতে হাতে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

০৩.০৬.২০২৬

প্রফেসর জি,এম, শহীদুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা- ২০২৬, সকল কেন্দ্র

এবং

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন

সকল শিক্ষা প্রতিষ্ঠান।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

ই-মেইল: barisalboard@gmail.com

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
৩. অফিস নথি।